# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ।

ফোন ঃ ০২২২৩৩৮৪৫৩৯; ই-মেইল ঃ dgmengineering@ krishibank.org.bd

প্রকা/ইইডি-৪(২)/২০২২-২৩/১১০ তারিখ: ০৮/০৮/২০২২

উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩
মহাব্যবস্থাপক, প্রকা/সকল বিভাগীয় কার্যালয়/এলপিও/স্টাফ কলেজ
সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা
সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রাণালয় এর আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক এর বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয় সংক্রান্ত নির্দেশনার বাস্তবায়ন প্রসঙ্গে।

মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা হলো।

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রাণালয় এর আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক এর বিদ্যুৎ সাশ্রয় ও ব্যয় সংকোচন নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়াদি যথাযথভাবে পরিপালনের জন্য অনুরোধ করা হলো ঃ

(ক) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বিদ্যুৎ খাতে বরাদ্দকৃত অর্থের ন্যুনতম ২৫% সাশ্রয় করতে হবে। এ লক্ষ্যে চলতি বছরের অবশিষ্ট ০৬ মাসে এবং ২০২৩ পঞ্জিকা বছরের প্রথম ০৬ মাসে আনুপাতিক হারে ব্যয় হ্রাস করতে হবে।

(খ) সাশ্রয়কৃত অর্থ অন্য কোন খাতে বরাদ্দ বা ব্যয় করা যাবে না।

(গ) ফরাস/পিয়ন অফিস কক্ষ খোলার সময় এবং পরিষ্কারের পর কক্ষের লাইট এবং এসি বন্ধ রাখবেন।

(ঘ) কর্মকর্তা/কর্মচারীগণ কক্ষে প্রবেশের পর সর্বনিম্ন যে পরিমান আলো প্রয়োজন, সে মোতাবেক অর্থাৎ সাশ্রয়ীভাবে কক্ষের লাইট জ্বালাবেন।

(ঙ) শীততাপ নিয়ন্ত্রণ যন্ত্র (এসি) সর্বনিম্ন ২৪ ডিগ্রী সেলসিয়াস বা তদুর্ধ্ব তাপমাত্রায় ব্যবহার নিশ্চিত করতে হবে।

(চ) কক্ষ ত্যাগের সময় কর্মকর্তা/কর্মচারীগণ নিজ নিজ দায়িত্বে কক্ষের লাইট, ফ্যান ও এসি বন্ধ করবেন। পুনরায় কক্ষে প্রবেশের সময় নিজ নিজ দায়িত্বে প্রয়োজন অনুযায়ী কক্ষের লাইট, ফ্যান ও এসি চালু করবেন।

(ছ) সকল বিদ্যুৎ চালিত যন্ত্রপতি যেমন-কম্পিউটার, টিভি, ফ্রিজ, ওভেন ইত্যাদি প্রয়োজন অনুযায়ী ব্যবহার করবেন, যাতে কোনোভাবেই বিদ্যুৎ এর অপচয় না হয়।

(জ) টয়লেট জোনে দিনের বেলায় একটি লাইট ব্যতিত অন্য লাইট বন্ধ থাকবে।

(ঝ) দিনের বেলায় বারান্দায় সিকিউরিটি লাইট জ্বালানো যাবে না। ভোরের আলো স্পষ্ট হওয়ার পর সকল লাইট বন্ধ করে দিতে হবে এবং সন্ধ্যায় প্রয়োজন অনুযায়ী লাইট জ্বালাতে হবে।

চলমান পাতা ০২

(ঞ) সার্ভাররুমসহ/অপরিহার্য নিরাপত্তার ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনা আওতামুক্ত থাকবে।

(ট) বিদ্যুৎ সাশ্রয়ী এলইডি লাইট ব্যবহার করতে হবে এবং দিনের আলোকে (Sun Light) কাজে লাগাতে হবে। যে সকল কক্ষে জানালা রয়েছে, সেসব কক্ষের পর্দা ব্যবহার না করে জানালা উন্মুক্ত করে দিনের আলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে।

(ঠ) বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে সরকারি অফিস কক্ষে নতুন করে এসি স্থাপন এবং অফিস কক্ষের ইন্টেরিয়র ডেকোরেশন স্থগিত রাখতে হবে।

(ড) বিশেষ প্রয়োজন ছাড়া ২য় তলা পর্যন্ত লিফট ব্যবহার হতে বিরত থাকতে হবে।

(ঢ) উপরোক্ত নির্দেশনার ক্ষেত্রে জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত সময় এর ব্যয়িত অর্থ ডিসেম্বর/২০২২ এর আর্থিক বিবরণী এবং জানুয়ারী/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত সময় এর ব্যয়িত অর্থ ডিসেম্বর/২০২৩ এর আর্থিক বিবরণীতে প্রতিফলিত হতে হবে।

(ণ) বিদ্যুৎ খাতে ব্যয় হ্রাস সংক্রান্ত তথ্য ও দলিলাদি ব্যাংক পরিদর্শনকালে নিরীক্ষার প্রয়োজনে বাংলাদেশ ব্যাংকের পরিদর্শকগণের চাহিদার প্রেক্ষিতে সরবরাহের নিমিত্ত যথাযথভাবে সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

০৩। এতদবিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রাণালয় এর আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর প্রশাসন ও কল্যাণ অধিশাখার এবং বাংলাদেশ ব্যাংক এর বিদ্যুৎ সাশ্রয় ও ব্যয় সংকোচনের নির্দেশনা সমুহ প্রেরন করা হলো (কপি সংযুক্ত)।

অনুমোদনক্রমে-

সংযোজনীঃ ০৪(চার) পাতা।

ক) অর্থ মন্ত্রাণালয় এর আর্থিক প্রতিষ্ঠান বিভাগের "বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়" সংক্রান্ত সভার কার্যবিবরণী।

খ) বাংলাদেশ ব্যাংকের বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয় সংক্রান্ত বিআরপিডি সার্কুলার লেটার নং ২৮, তারিখ ২৬-০৭-২০২২।

আপনার বিশ্বস্ত,

8.8.22.

(মোঃ আনোয়ারুল আজিম খান)
উপমহাব্যবস্থাপক

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। স্টাফ অফিসার, মাননীয় চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ হলো।

08/08/2022

(ফাতিমা রাব্বি আহসান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা